আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**27 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

===========================================================

(১) বিশ্ব জুড়ে আজ পর্যটন দিবস পালন/ কেন্দ্রীয় সরকারের শিল্প শাখায় শুয়ালকুচিকে শ্রেষ্ঠ পর্যটন গ্রামের সম্মান/

(২) 'এক পেড় মা কে নাম' কার্যসূচীর আওতায় সমগ্র দেশে এপর্যন্ত আশি কোটিরও বেশি গাছের চারা রোপণ/

(৩) ষষ্ঠ অর্থ কমিশনের প্রতিনিধি দলের আজ জাগীরোডে নির্মিয়মান টাটা সেমি কন্ডাক্টার প্রকল্প পর্যবেক্ষণ/

এবং

(৪) বরাক উপত্যকার বিশিষ্ট কবি-সাংবাদিক বিজয় কুমার ভট্টাচার্যের জীবনাবসান/

---

দেশের বিভিন্ন প্রান্তে তথা আসামেও আজ বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।এদিকে গ্রামাঞ্চলে পর্যটনের প্রসারের উদ্দেশ্যে পর্যটন মন্ত্রনালয় আয়োজিত শ্রেষ্ঠ পর্যটন গ্রাম প্রতিযোগিতা ২০২৪ 'এ আসামের শুয়ালকুচি শিল্প বিভাগে শ্রেষ্ঠ গ্রামের সম্মান লাভ করেছে ।মেঘালয়ের ওমডেন গ্রাম ও শিল্প বিভাগে সম্মান লাভ করতে সক্ষম হয়েছে ।এছাড়া মেঘালয়ের মাফলং এবং মণিপুরের এন্দ্রো

গ্রাম ঐতিহ্য ক্ষেত্রে শ্রেষ্ঠ গ্রামের সম্মান লাভ করা সহ ত্রিপুরার আনপনা গ্রাম এবং মিজোরামের সিয়ালচুক গ্রাম কম্যুনিটি ভিত্তিতে শ্রেষ্ঠ পর্যটন গ্রামের সম্মান লাভ করেছে ।উল্লেখ্য উত্তরপূর্বাঞ্চলের ৫ টি রাজ্য সহ দেশের মোট ৩০ টি রাজ্য তথা কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৬ টি গ্রাম বিভিন্ন বিভাগে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে ।
এদিকে এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া পর্যটকদের জন্য মানস জাতীয় উদ্যানের দ্বার খুলে দিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের জল সম্পদ, পর্যটন ইত্যাদি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া একদিনের সফরে আগামীকাল হাইলাকান্দি আসছেন । মন্ত্রী শ্রী বরুয়া আগামীকাল বিকেল সাড়ে তিনটায় হাইলাকান্দি পৌছে বিজেপির একটি সভায় অংশ নেবেন । এবং বিকেল পাঁচটায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলাপ্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । পরে মন্ত্রী শ্রীবরুয়া শিলচর চলে আসবেন ।

-----------------------------------------------------------------------------------------

‘এক পেড় মা কে নাম’ কার্যসূচীর আওতায় সমগ্র দেশে এপর্যন্ত আশি কোটিরও বেশি গাছের চারা রোপণ করা হয়েছে । কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় আশি কোটি গাছের চারা রোপণের লক্ষ্যে উপনীত হতে সাফল্য লাভ করেছে । চলতি মাসের ২৫ তারিখে নির্ধারিত সময়ের পাঁচদিন আগেই এই লক্ষ্যে উপনীত হওয়া সম্ভব হয়েছে বলে মন্ত্রণালয় সূত্রে জানানো হয়েছে । মন্ত্রণালয় এই সাফল্যের জন্যে সরকারী সংস্থা, স্থানীয় সংগঠন এবং অন্যান্য অংশীদারদের সামগ্রিক প্রচেষ্টার প্রশংসা করেছে । ‘এক পেড় মা কে নাম’ কার্যসূচীর অধীনে উত্তর প্রদেশ সবচেয়ে বেশি সংখ্যক, ২৬কোটি গাছের চারা রোপণ করে এই অভিযানে শীর্ষস্থানে রয়েছে । উল্লেখ্য- বিগত পাঁচই জুন বিশ্ব পরিবেশ দিবসের দিনে প্রধানমন্ত্রী নতুনদিল্লিতে এই কার্যসূচীর উদ্বোধন করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

ষষ্ঠ অর্থ কমিশনের অধ্যক্ষ অরবিন্দ পানাগারিয়ার নেতৃত্বে রাজ্যে আসা একটি প্রতিনিধি দল আজ কারূপ জেলার বরখাটে মহিলা খাদ্য প্রক্রিয়াকরণ সমবায় সমিতি পরিদর্শন করেছেন । পরে তারা মরিগাও জেলার জাগীরোডে নির্মিয়মান টাটা সেমিকন্ডাক্টার প্রকল্পও পরিদর্শন করেন । পরিদর্শনকালে এই প্রকল্পের বিভিন্ন সুবিধা, নিযুক্তির সম্ভাবনা ও এরফলে স্থানীয় যুব সমাজের মধ্যে দক্ষতা বিকাশের সম্ভাবনার বিষয়েও প্রতিনিধি দলটিকে অবগত করানো হয় ।

-----------------------------------------------------------------------------------------

সংসদের বিভিন্ন বিভাগীয় স্থায়ী সমিতি গঠন করা হয়েছে । এই অনুসারে অন্যান্যদের মধ্যে রাজ্যসভার সাংসদ ভূবনেশ্বর কলিতা বিজ্ঞান ও প্রযুক্তি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন সমিতির অধ্যক্ষের দায়িত্ব পেয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

'রাজ্যপাল আসাম প্রতিভা উদ্ভাবনমূলক প্রকল্প ২০২৪ -২৫'শীর্ষক সাম্মানিক স্টাইপেন্ড প্রকল্পের জন্য বিভিন্ন অসামরিক সেবার পরীক্ষায় অবতীর্ন হতে চাওয়া রাজ্যের ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র চাওয়া হয়েছে ।প্রার্থীদের সারা আসাম প্রতিভা সন্ধানী পরীক্ষা এবং তার পর গ্রুপ কাউন্সিলিং এবং পার্সনেল ইন্টারভিউর মাধ্যমে বাছাই করা হবে । দ্বাদশ শ্রেণি এবং স্নাতক পরীক্ষার নম্বরের ভিত্তিতে তালিকাভুক্ত প্রার্থীদের মধ্যে থেকে ৫ হাজার প্রার্থী বাছাই পরীক্ষা আগামী ২০ শে অক্টোবর অনুষ্ঠিত হবে । শিলচর , গুয়াহাটী বঙ্গাইগাঁওয়ে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ।অফলাইন প্রশিক্ষণের জন্য গ্রুপ কাউন্সেলিং এবং ব্যক্তিগত সাক্ষাৎকার কেবলমাত্র গুয়াহাটীতে অনুষ্ঠিত হবে ।ইচ্ছুক প্রার্থীরা আগামী ৬ অক্টোবর পর্যন্ত আবেদনপত্র দাখিল করতে পারবে । ২০ অক্টোবর অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার ফলাফল ২৭ শে অক্টোবর ঘোষণা করা হবে । gappy.assam.gov.in এর মাধ্যমে আজ সন্ধ্যা ৫ টা থেকে ৬ অক্টোবর সন্ধ্যা ৫ টা পর্যন্ত অনলাইনে আবেদনপত্র জমা দেওয়া যাবে ।অধিক তথ্যের জন্য pratibhaprotsahanyojana@gmail.com এ মেইল প্রেরণ করা যাবে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বিশিষ্ট কবি-সাংবাদিক বিজয় কুমার ভট্টাচার্য স্বল্প রোগ ভোগের পর আজ ভোরে শিলচরে তাঁর বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল- ৬৫ । তাঁর মৃত্যুতে উপত্যকার সাহিত্য ও সাংবাদিকতার জগতে শোকের ছায়া নেমে এসেছে । তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে মরদেহ আজ সকালে প্রথমে শিলচর প্রেস ক্লাবে নিয়ে আসা হয় । পরে শিলচর শ্মশান ঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে । কাছাড় জেলা ই-মিডিয়া এ্যাসোসিয়েশন, বার্তাজীবি সংঘের শিলচর শাখা, আকসা, সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ সহ বিভিন্ন সংগঠন এবং বিশিষ্ট ব্যক্তিদের পক্ষ থেকে প্রয়াত বিজয় কুমার ভট্টাচার্যের মরদেহে শ্রদ্ধা জানানো হয় । প্রয়াত কবি-সাংবাদিক বিজয় কুমার ভট্টাচার্যের কর্মজীবন শুরু হয় দৈনিক সোনার কাছাড় পত্রিকায় সাংবাদিকতার কাজ দিয়ে । ১৯৮৪ তে তাঁর প্রথম প্রকাশিত কবিতার বই 'পুড়ে পুড়ে স্বর্ণ হোক সম্মিলিত পাপ' । তাঁর মোট ১৪টি কবিতার বই প্রকাশিত হয়েছে । সাংবাদিক জীবনে তিনি দৈনিক প্রান্তজ্যোতি, দৈনিক যুগশঙ্খ সহ বিভিন্ন সংবাদ প্রতিষ্ঠানের সঙ্গে

জড়িত ছিলেন । জীবনের শেষ দিকে তিনি দৈনিক গতি পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন। তিনি অংশকালীন ভিত্তিতে অধ্যাপনার সঙ্গে জড়িত ছিলেন। রেখে গেছেন স্ত্রী, এক কন্যা, নাতনি সহ অসংখ্য গুণমুগ্ধ পাঠককে । উপত্যকার বিভিন্ন মহল থেকে তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শিলচর সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালের কার্যবাহী কমিটির এক গুরুত্বপূর্ণ সভায় অংশগ্রহণ করে হাসপাতালের স্বাস্থ্য পরিষেবাগুলি উন্নত করার বিষয়ে বেশ কয়েকটি উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করার কথা জানান ।তিনি বলেন যে জাতীয় স্বাস্থ্য মিশনের অর্থ সাহায্যে সিভিল হাসপাতালে বেসরকারী রেডিওলজিষ্ট নিয়োগ করা হবে এছাড়া হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তার জন্য পুরো হাসপাতালে  সিসি টিভি ক্যামেরা স্থাপন , নতুন ডিজিট্যাল এক্সরে  মেশিন বসানোর জন্য একটি কক্ষের সংস্কার করার নির্দেশ দেন তিনি ।তিনি জনস্বাস্থ্য ও কারিগড়ি বিভাগকে একটি বিকল্প জল সরবরাহ প্রকল্প স্থাপন করার জন্য পরিকল্পনা প্রস্তুত করার নির্দেশ দেন ।জেলা আয়ুক্ত শ্রী যাদব সিভিল হাসপাতালের বিভিন্ন বিভাগ ও পরিদর্শন করেন ।সভায় সিভিল হাসপাতালের শীর্ষ আধিকারীক সহ পূর্ত বিভাগ , আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিমিটেড , শিলচর পৌরসভা সব বিভিন্ন বিভাগের আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের চক্র আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- আগামী ২৯শে সেপ্টেম্বর- রবিবার অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্টভাবে সম্পন্ন করতে এবং পরীক্ষা কেন্দ্রগুলিতে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে  রবিবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের পুলের উপরের বাজার , স্টেশন রোড , করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল আসাম প্রত্যক্ষ নিয়োগ পরীক্ষায় চাকুরী প্রার্থীদের গন্তব্যে পৌঁছে দেওয়ার লক্ষ্যে সমগ্র রাজ্যে ছয় জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে । এরই অঙ্গ হিসেবে সীমান্ত রেল জানিয়েছে যে একটি বিশেষ ট্রেন আগামী ২৯শে সেপ্টেম্বর হাইলাকান্দি থেকে সকাল ৫টায় যাত্রা করে সকাল সাতটা ১০ মিনিটে শিলচর

এসে পৌঁছবে । ট্রেনটি আবার বিকেল সাড়ে তিনটায় শিলচর থেকে যাত্রা করে ৫টা ৪০ মিনিটে হাইলাকান্দি গিয়ে পৌঁছবে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার বদরপুর থানার অর্ন্তগত লামাজুয়ার কালীবাড়ী সংলগ্ন ৩৭ নম্বর জাতীয় সড়কে গতকাল রাতে এক সড়ক দূর্ঘটনায় চারজন যাত্রী আহত হয়েছেন । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাত সাতটা নাগাদ চার চাকার একটি টাটা গাড়ি ও ই-রিক্সার মূখোমূখি সংঘর্ষে ই-রক্সার চালক সহ চার জন যাত্রী গুরুতর আহত হয়েছেন । আহতদের শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

স্বচ্ছতা হি সেবা-২০২৪ অভিযানের অঙ্গ হিসেবে আগামীকাল সকাল ৯টা থেকে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে স্বচ্ছ মিত্র কর্মীদের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । স্বচ্ছতা হি সেবা কার্যসূচীতে আগামী ৩০শে সেপ্টেম্বর সকাল ৭টা থেকে মেডিকেল কলেজ ক্যাম্পাসে পরিচ্ছন্নতা অভিযান চালানো হবে । এছাড়া ঐদিন সকাল ১০টা থেকে সমস্ত শ্রেনীর কর্মীদের জন্য বায়োমেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচীর আয়োজন করা হয়েছে । পরে বেলা ১২টা থেকে স্বচ্ছ মিত্র কর্মীদের শংসা পত্র প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

ছত্তিশগড়ের ভিলাইতে অনুষ্ঠিত পুলিশ বিভাগের সর্বভারতীয় ভারোত্তলন প্রতিযোগিতায় আসামের ত্রিদীপ বড়ুয়া ৮১ কিলোগ্রাম শাখায় সোনার পদক অর্জন করেছেন । এদিকে মহিলাদের ৫৯ কিলোগ্রাম শাখায় মোনালিসা সনোয়াল সোনা এবং ৮৭ কিলোগ্রাম শাখায় মধুস্মিতা বড়ুয়া রূপোর পদক লাভ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

ক্লেভার হাউস ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দ্বিতীয় খেলায় ওয়াক ওভার পেয়ে খুলিছড়া এফ সি দল দ্বিতীয় রাউন্ডে উঠেছে । পানিভরা এল পি স্কুলের খেলার মাঠে আজকের খেলায় বিপক্ষ দল বড়খলা এফ সি মাঠে উপস্থিত না হওয়ায় খুলিছড়া এফ সি দল ওয়াক ওভার পেয়ে যায় । আগামীকাল সোনাই এফ সি দল ও শিবশক্তি ক্লাব পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------------